# হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা

## সৃজনশীল প্রশ্ন

বিষয় কোড: | ১ | ১ | ২ |

সময় — ২ ঘণ্টা ২০ মিনিট পূর্ণমান — ৬০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **ছয়টি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. কবিতা ও সবিতা দুই বোন। কবিতা ঈশ্বরকে জানার জন্য প্রচুর পড়াশোনা করে। সংসারের কোনো কাজের প্রতি তার মনোযোগ নেই। তার চিন্তা শুধু ঈশ্বরকে নিয়ে। অন্যদিকে, সবিতা পড়াশোনা করে জীবনে প্রতিষ্ঠা লাভ করতে চায়। সে বিভিন্ন ধর্মগ্রন্থ অধ্যয়নের পাশাপাশি পূজা-পার্বণও করে, যাতে সবাইকে নিয়ে সুখে-শান্তিতে জীবনযাপন করতে পারে।

ক. যজুর্বেদের কয়টি অংশ? ১

খ. স্বামী বিবেকানন্দের ঈশ্বর-সম্পর্কিত বাণীটি ব্যাখ্যা কর। ২

গ. সবিতা কোন বিদ্যা অধ্যয়ন করেছে? তোমার পঠিত 'জ্ঞানীর দৃষ্টিতে ঈশ্বর'-এর আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. শাস্ত্র অনুযায়ী সবিতাকে জ্ঞানী বলা যায় কি? তোমার পাঠ্যের আলোকে যুক্তি প্রদর্শন কর। ৪

২. বিকাশদের বাড়িতে প্রতি বছর এক বিশেষ যজ্ঞের আয়োজন করে। এই যজ্ঞে পুরোহিত মহাশয় মন্ত্রগুলোকে সুর করে পাঠ করেন এবং যজ্ঞের অন্যান্য নিয়ম-কানুন অনুসরণ করেন। যজ্ঞের এক পর্যায়ে পুরোহিত মহাশয় ভক্তদের উদ্দেশ্যে বলেন, 'বেদের এই খণ্ড অনুশীলনের মাধ্যমে বিশ্বপ্রকৃতি ও জীবন সম্পর্কে পরিপূর্ণ জ্ঞান লাভ সম্ভব।'

ক. বেদ শব্দের অর্থ কী? ১

খ. বেদকে অপৌরুষেয় বলার কারণ ব্যাখ্যা করো। ২

গ. বিকাশদের বাড়িতে পুরোহিত মহাশয় কোন বেদের আলোকে যজ্ঞ করেছিলেন? বর্ণনা করো। ৩

ঘ. উদ্দীপকের পুরোহিত মহাশয়ের উক্তিটি কি সঠিক? পাঠ্যের আলোকে যুক্তি প্রদর্শন করো। ৪

৩. হিন্দুধর্ম ক্লাসে শিক্ষক অরবিন্দবাবু শিক্ষার্থীদের সাথে আশ্রমধর্ম ও যুগধর্ম নিয়ে আলোচনা করছিলেন। তিনি বলেন, প্রাচীনকালে ঋষিগণ মানবজীবনকে চারটি পর্যায়ে বিভক্ত করেছেন। সেই ভাগ অনুযায়ী চললে মানুষ সহজে ঈশ্বরের সান্নিধ্যলাভ করতে পারে। তিনি আরও বলেন, পৃথিবীতে যখন ধর্ম কমে যায় এবং অধর্ম বেড়ে যায় তখন ঈশ্বর অবতাররূপে পৃথিবীতে আসেন। শান্তি রক্ষার জন্য ঈশ্বর যুগে যুগে পৃথিবীতে অবতীর্ণ হয়েছেন।

ক. সমাজে যারা জ্ঞান-বুদ্ধিতে উন্নত তাঁরা কী নামে পরিচিত হতো? ১

খ. চারযুগের আচরণের জন্য শাস্ত্রে ধর্ম-কর্মের নির্দেশ সম্বলিত শ্লোকটি ব্যাখ্যা কর। ২

গ. শিক্ষক অরবিন্দের বর্ণনানুসারে আশ্রমধর্মের রীতি মেনে চলতে কীভাবে জনগণকে উদ্বুদ্ধ করা যায় তা ব্যাখ্যা কর। ৩

ঘ. 'শান্তি রক্ষার জন্য ঈশ্বর যুগে যুগে পৃথিবীতে অবতীর্ণ হন'– শিক্ষকের এই উক্তিটির তাৎপর্য নিরূপণ কর। ৪

http://teachingbd.com

৪. মিতা অষ্টম শ্রেণিতে পড়ে। সে লেখাপড়ায় ভালো। কিন্তু সে নিয়মিত স্কুলে আসে না। শ্রেণিশিক্ষক কারণ জানতে চাইলে মিতা জানায় তার মা প্রায়ই অসুস্থ থাকেন। তার মায়ের সমস্যা হলো কোনো খাবার খাওয়ার পর উদ্বেগ ও অস্বস্তি বোধ করেন এবং হজম করতে পারেন না। ঔষধ খাচ্ছেন কিন্তু সুফল পাচ্ছেন না। শিক্ষক সব শোনার পর মিতাকে তার মায়ের জন্য একটি যোগাসন অনুশীলন পদ্ধতি সম্পর্কে ধারণা দেন। শিক্ষকের কথামতো মিতার মা উক্ত আসন অনুশীলন করে শরীর ও মনে এই আসনের সুফল উপলব্ধি করেন।

ক. নমস্কার কীসের প্রতীক? ১

খ. নিত্যকর্ম অনুশীলনের গুরুত্ব ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে শিক্ষক মিতাকে তার মায়ের সুস্থতার জন্য কোন যোগাসন অনুশীলন পদ্ধতি সম্পর্কে ধারণা দেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. মিতার মায়ের শরীর ও মনের ওপর উক্ত আসন অনুশীলনের প্রভাব মূল্যায়ন কর। ৪

৫. আষাঢ় মাসের পূর্ণিমার পরের তিথিতে নৃপেন্দ্রবাবু বাড়ির উঠানে একটি সিজ গাছ স্থাপন করে এক বিশেষ দেবীর পূজা করেছেন। তাঁর পূজা করার মুখ্য উদ্দেশ্য হলো সাপের আক্রমণ থেকে রক্ষা পাওয়া। তিনি বলেন, এ পূজার মূল শিক্ষা হলো সর্পকে বশীভূতকরণের কৌশল আয়ত্ত করা। যার মাধ্যমে শত্রুকে সুপথে ফিরিয়ে এনে সমাজে শান্তি প্রতিষ্ঠা করা।

ক. বেদে যে সকল দেবতার নাম উল্লেখ আছে তাঁদের কোন দেবতা বলা হয়? ১

খ. পার্বণ বলতে কী বোঝায়? ২

গ. নৃপেন্দ্রবাবু যে দেবীর পূজা করেছেন তাঁর পূজা পদ্ধতি বর্ণনা কর। ৩

ঘ. 'এই পূজার মূল শিক্ষা হলো শত্রুকে সুপথে ফিরিয়ে এনে সমাজে শান্তি প্রতিষ্ঠা করা'– নৃপেন্দ্রবাবুর এই উক্তিটির যথার্থতা নিরূপণ কর। ৪

৬. পঙ্কজবাবু একজন মুক্তিযোদ্ধা। ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধে পাক হানাদার বাহিনীর সাথে সম্মুখ যুদ্ধে অংশগ্রহণ করেন। যুদ্ধের একেবারে শেষপ্রান্তে শত্রুপক্ষ তাঁর একটি হাত কেটে নিয়ে যায়। দেশ স্বাধীন হলে তিনি বলেন, হাত নেইতো কী হয়েছে? দেশমাতৃকা আজ শত্রুর বিষাক্ত নিশ্বাসমুক্ত। সম্প্রতি দেশের সমুদ্র বিজয়ে পঙ্কজবাবুর হৃদয় আবেগে আপ্লুত হয়ে ওঠে যেন আরও একটি বিজয়ের সুখ তাঁর মনে।

ক. সম্পর্কে রাবণ পুলস্ত্যের কে হন? ১

খ. 'দেশপ্রেম ধর্মের অঙ্গ' – ব্যাখ্যা কর। ২

গ. পঙ্কজবাবুর দেশপ্রেম দেশবাসীকে কীভাবে অনুপ্রাণিত করতে পারে তা কার্তবীর্যার্জুনের জীবনের আলোকে বর্ণনা কর। ৩

Teachingbd.com

ঘ. সমাজ ও রাষ্ট্রীয় জীবনে পঙ্কজবাবুর অনুভূতির গুরুত্ব পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

৭. শিবানী দুই ছেলে-মেয়ে ও স্বামীকে নিয়ে সংসারে বেশ সুখেই আছেন। তিনি সংসারের কাজ কর্মের পাশাপাশি ঈশ্বরের আরাধনা করতে মোটেও ভুল করেন না। তাছাড়া তিনি ছেলে-মেয়েদেরকেও ঈশ্বরের আরাধনা করতে উৎসাহিত করেন। ফলে তাঁর মেয়ে জয়া সারাদিন ঈশ্বর চিন্তায় বিভোর হয়ে থাকে। এমনকি ঈশ্বর চিন্তায় মাঝে মাঝে সে জ্ঞান হারিয়ে ফেলে।

ক. হরিচাঁদ ঠাকুরের পিতার নাম কী? ১

খ. 'দল নাই যার, বল নাই তার'- ব্যাখ্যা করো। ২

গ. শিবানীর মধ্যে হরিচাঁদ ঠাকুরের যে বিশেষ দিকটি ফুটে উঠেছে তা বর্ণনা করো। ৩

ঘ. জয়াকে মতুয়া বলা যায় কি? পাঠ্যের আলোকে যুক্তি প্রদর্শন করো। ৪

৮. ১৯৭১ সালে গুলিবিদ্ধ সজল প্রীতিলতাদের ঘরে ঢুকে পড়ে। প্রীতিলতা বাসায় ঐ রাতে একাই ছিল। সে প্রথমে ভয় পেল কিন্তু পরে মুক্তিযোদ্ধা জানতে পেরে তাকে ঘরে রেখেই সেবা শুশ্রূষা করে সুস্থ করে তুলল। দেশমাতৃকাকে ভালোবেসে জীবনবাজি রেখে সজল যুদ্ধ করেছিল। অবশেষে দেশ স্বাধীন হলো। আনন্দে আবেগে ভরে উঠলো প্রীতিলতার প্রাণ। বিপ্লবের আর এক নাম প্রীতিলতা।

ক. রাবণ কে ছিলেন? ১

খ. দেশপ্রেম বলতে কী বোঝ? ২

গ. প্রীতিলতার এ কাজ থেকে কীভাবে দেশপ্রেমে উদ্বুদ্ধ হওয়া যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত সজল কার্তবীর্যার্জুনের চরিত্রেরই প্রতিচ্ছবি — মূল্যায়ন কর। ৪

৯. প্রণব সেন অত্যন্ত ধার্মিক ব্যক্তি। তিনি নির্জনে একটি আশ্রমে আরাধনা করেন। একবার বিলাস নামের এক দুষ্ট ছেলে অন্যের বাড়িতে চুরি করতে গিয়ে ধরা পড়ার ভয়ে দৌড়ে প্রণব সেনের আশ্রমে ঢুকে পড়ে। প্রণব সেন বিলাসকে নিজের কাছে রেখে বিভিন্ন ধর্মীয় উপদেশ দিয়ে সৎকর্মে উদ্বুদ্ধ করেন। অতঃপর বিলাস ধীরে ধীরে একজন সাধকে পরিণত হয়।

ক. নৈতিক শিক্ষার অর্থ কী? ১

খ. 'সৎসঙ্গে স্বর্গবাস, অসৎসঙ্গে সর্বনাশ'— কথাটি বুঝিয়ে লেখ। ২

গ. পাঠ্যবইয়ের শ্রীধর চরিত্রের সাথে বিলাস চরিত্রের মিলগুলো লেখ। ৩

ঘ. 'প্রণব সেন সৎসঙ্গের সাধুরই প্রতিচ্ছবি'— মূল্যায়ন কর। ৪

teachingbd.com

# হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা: বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট    পূর্ণমান — ৪০    বিষয় কোড: ১ ১ ২

[বি: দ্র: সরবরাহকৃত উত্তরপত্রে বহুনির্বাচনি প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসমূহ হতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক (√) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান-১।]

১. হলুদ কোন দেবীর প্রতীক?
ক সরস্বতী   খ লক্ষ্মী
গ কালী   ঘ দুর্গা

২. কোনটি সৃষ্টির পবিত্র ধ্বনি সৃষ্টি করে?
ক কলসি   খ প্রদীপ
গ ঢোল   ঘ শঙ্খ

৩. দেশপ্রেমের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ—
ক ব্যক্তি জীবনে   খ ছাত্র জীবনে
গ চাকরি জীবনে   ঘ রাষ্ট্রীয় জীবনে

৪. দেহের ধ্বংসকে কী বলা হয়?
ক উত্থান   খ পতন
গ মৃত্যু   ঘ জন্মান্তর

৫. 'যোগ' অর্থ কী?
ক মুক্ত হওয়া   খ যুক্ত হওয়া
গ অবমুক্ত হওয়া   ঘ বিলীন হওয়া

৬. অনুসন্ধান বলতে কী বোঝানো হয়?
ক চেষ্টা   খ মনোযোগ
গ খুঁজে দেখা   ঘ দেখা

৭. কে নিজের সকল কাজকে ভগবানের কাজ বলে সম্পাদন করেন?
ক যোগী   খ সাধক
গ ভক্ত   ঘ অতিভক্ত

৮. পরম পবিত্র কর্ম কোনটি?
ক অনিত্যকর্ম   খ সত্যকর্ম
গ অসত্যকর্ম   ঘ নিত্যকর্ম

৯. বেদাঙ্গগুলো কীভাবে রচিত?
ক সূত্রাকারে   খ অসূত্রাকারে
গ বিকৃতাকারে   ঘ অরণ্যে

১০. সাধনার প্রয়োজন কেন?
ক জ্ঞান অর্জনের জন্য
খ জ্ঞান বিতরণের জন্য
গ জ্ঞান চিহ্নিত করার জন্য
ঘ অর্থ উপার্জনের জন্য

১১. আরণ্যক কাকে বলে?
ক যা অন্ধকারে রচিত
খ যা নিশিতে রচিত
গ যা অরণ্যে রচিত
ঘ যা রণক্ষেত্রে রচিত

১২. শুক্ল যজুর্বেদে কয়টি অধ্যায় রয়েছে?
ক ৩২টি   খ ৪০টি
গ ৪৮টি   ঘ ৬২টি

১৩. কুরুক্ষেত্র যুদ্ধের সময় ভগবান শ্রীকৃষ্ণ অর্জুনকে যেসব কথা বলেছেন তার নাম কী?
ক ভাগবত   খ গীতা
গ সংহিতা   ঘ সংগ্রাহক

১৪. শাসক কিংবা যুদ্ধকারী সম্প্রদায়ভুক্ত ব্যক্তি হচ্ছেন—
ক শূদ্র   খ ব্রাহ্মণ
গ ক্ষত্রিয়   ঘ বৈশ্য

১৫. বিবেকানন্দের গুরুদেব কে?
ক শ্রীকৃষ্ণ   খ অর্জুন
গ হরিচাঁদ   ঘ শ্রীরামকৃষ্ণ

১৬. 'আর্য্য-দর্পণ' কী হিসেবে পরিচিত?
ক বৌদ্ধধর্মের মুখপাত্র   খ সনাতন ধর্মের মুখপাত্র
গ জৈনধর্মের মুখপাত্র   ঘ শিখধর্মের মুখপাত্র

অনুচ্ছেদটি পড়ো এবং ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও:
বিধান সমাজের সকল অন্যায়ের বিরুদ্ধে সব সময় রুখে দাঁড়ায়। সমাজের কোন অনিয়মকে সে প্রশ্রয় দেয় না। সে এ জ্ঞানটুকু ধর্মগ্রন্থ পাঠের মাধ্যমে অর্জন করেছে।

১৭. বিধান কোন ধর্মগ্রন্থ পাঠের মাধ্যমে উক্ত জ্ঞান অর্জন করেছে?
ক চণ্ডী   খ ভাগবত পুরাণ
গ গীতা   ঘ মহাভারত

১৮. উক্ত ধর্মগ্রন্থের জ্ঞানের আলোকে মোক্ষ লাভ করা যেতে পারে—
i. ফলশূন্য হয়ে কর্ম করে
ii. ঈশ্বরকে সবকিছু সমর্পণ করে
iii. কামনা-বাসনাযুক্ত কর্ম করে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii   খ i ও iii
গ ii ও iii   ঘ i, ii ও iii

১৯. হেমায়েতপুর কোন নদীর তীরবর্তী একটি গ্রাম?
ক পদ্মা   খ মেঘনা
গ যমুনা   ঘ তিস্তা

২০. সংযম ছাড়া আমাদের জীবন কেমন?
ক হালহীন নৌকার মতো   খ অদৃশ্য বায়ুর মতো
গ উদার আকাশের মতো   ঘ অহংকার শূন্য

২১. সকলকে সমান দেখার নাম হলো—
ক সমত্ব   খ ধর্ম
গ সাম্যচেতনা   ঘ নীতি

২২. গোমুখাসন অনুশীলনে কত সেকেন্ড থাকতে হবে?
ক ১৫ সেকেন্ড   খ ২০ সেকেন্ড
গ ২৫ সেকেন্ড   ঘ ৩০ সেকেন্ড

http://teachingbd.com

২৩. ধৃতরাষ্ট্রের পুত্রদের বলা হতো–
ⓚ দৃত সন্তান ⓚ দৃতবান
ⓖ কৌরব ⓖ পাণ্ডব

২৪. মনসা কীসের দেবী?
ⓚ সৃষ্টির ⓚ ধ্বংসের
ⓖ হিংসের ⓖ সর্পের

২৫. সত্যযুগে মানুষ ছিল–
ⓚ বিনয়ী ⓚ ধর্মপ্রাণ
ⓖ নম্র ⓖ ভদ্র

২৬. হিন্দু ধর্মাবলম্বীরা যে ব্রত পালন করে থাকেন–
i. বিপত্তারিনী
ii. জন্মাষ্টমী
iii. শিবরাত্রি
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২৭. ঈশ্বর যার মধ্যে প্রচ্ছন্নরূপে অবস্থান করেছেন–
i. বিশ্বব্রহ্মাণ্ড
ii. জীব
iii. দেব-দেবী
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২৮. শনি পূজার উদ্দেশ্য হলো–
i. শনিদেবতাকে সন্তুষ্ট রাখা
ii. রোগপীড়া থেকে মুক্ত থাকা
iii. মনে শান্তি বজায় রাখা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২৯. দ্রোণাচার্য কোন ধর্মগ্রন্থ পাঠের মাধ্যমে জ্ঞান অর্জন করেছে?
ⓚ চণ্ডী ⓚ ভাগবত
ⓖ গীতা ⓖ মহাভারত

৩০. কীসের গুণে মানুষ অনেক অসাধ্য সাধন করেছে?
ⓚ সম্পদ ⓚ শিক্ষা
ⓖ মেধা ⓖ অধ্যবসায়

৩১. যা স্বর্গের চেয়েও বড়–
i. জননী
ii. জন্মভূমি
iii. প্রেমপ্রীতি
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৩২. বেদের ঋষিগণ কীভাবে ভগবানের বাণী লাভ করেছেন?
ⓚ জ্ঞানে ডুব দিয়ে ⓚ ঘুমের ঘোরে
ⓖ ধ্যানস্থ হয়ে ⓖ উপলব্ধি করে

নিচের উদ্দীপকটি পড়ো এবং ৩৩ ও ৩৪ নং প্রশ্নের উত্তর দাও:
চয়ন শূদ্র পরিবারের সন্তান। এ কারণে তাকে অনেক সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত হতে হচ্ছে।

৩৩. চয়নের বঞ্চিত হওয়ার কারণ কী?
ⓚ পণ প্রথা ⓚ পর্দা প্রথা
ⓖ কৌলীন্য প্রথা ⓖ বর্ণভেদ

৩৪. চয়নের দৃষ্টিতে এ বর্ণভেদের মাধ্যমে হিন্দু সম্প্রদায়ের মাঝে হতে পারে–
i. একত্রের প্রতিবন্ধক
ii. সামাজিক সম্প্রীতির অগ্রগতি
iii. ভ্রাতৃত্ব বন্ধনের প্রতিকূল
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৩৫. শ্রীকৃষ্ণের স্ত্রীর নাম কী?
ⓚ রুক্মিনী ⓚ রোহিনী
ⓖ সুমিত্রা ⓖ লক্ষ্মীপ্রিয়া

৩৬. ঠাকুর অনুকূলচন্দ্রের পিতার নাম কী?
ⓚ নারায়ণ চন্দ্র ⓚ শিবচন্দ্র
ⓖ দেবচন্দ্র ⓖ অনিলচন্দ্র

৩৭. যার মাধ্যমে কার্তবীর্যার্জুনের সাথে রাবণের মৈত্রী স্থাপিত হলো–
ⓚ পুলস্ত্য ⓚ অগ্নিদেব
ⓖ মুনিব ⓖ ঋষি

৩৮. 'AIDS'-এর প্রথম বর্ণ A-এর পূর্ণরূপ কোনটি?
ⓚ Action ⓚ Adiction
ⓖ Acquired ⓖ Acqure

৩৯. 'AIDS'-এ আক্রান্ত ব্যক্তিকে সমাজ থেকে বিচ্ছিন্ন করে রাখার কোনো প্রয়োজন নেই কেন?
ⓚ তার আত্মায় ভগবান আছে বলে
ⓚ সৃষ্টির শ্রেষ্ঠ জীব বলে
ⓖ ছোঁয়াচে রোগ নয় বলে
ⓖ মনোবল সুদৃঢ় করার জন্য

৪০. কোন কর্ম করা আবশ্যক?
ⓚ সৎকর্ম ⓚ কর্তব্য
ⓖ নিষ্কর্ম ⓖ দায়িত্ব

| উত্তরমালা | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ঘ | ২ | খ | ৩ | খ | ৪ | গ | ৫ | খ | ৬ | ক | ৭ | ক | ৮ | গ | ৯ | ক | ১০ | ক | ১১ | গ | ১২ | ঘ | ১৩ | খ | ১৪ | গ | ১৫ | ঘ | ১৬ | খ | ১৭ | গ | ১৮ | ক | ১৯ | ক | ২০ | ক |
| | ২১ | খ | ২২ | ঘ | ২৩ | গ | ২৪ | ঘ | ২৫ | খ | ২৬ | গ | ২৭ | ক | ২৮ | ঘ | ২৯ | গ | ৩০ | খ | ৩১ | ক | ৩২ | গ | ৩৩ | ঘ | ৩৪ | ক | ৩৫ | ক | ৩৬ | খ | ৩৭ | ক | ৩৮ | গ | ৩৯ | গ | ৪০ | গ |

http://teachingbd.com